



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/সংস্থাপন-২২/৭৪৮

তারিখঃ ২২.১১.২০১৭খ্রিঃ


জরুরী বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য’ ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য”র স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে ২৫ নভেম্বর ২০১৭ তারিখে “আনন্দ শোভাযাত্রা”র মাধ্যমে উদযাপন উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে।

- ঢাকা মহানগরীতে বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে শিক্ষক-শিক্ষার্থী সমন্বয়ে আবশ্যিকভাবে বিকাল ২.৩০ ঘটিকায় মধ্যে সোহরাওয়ার্দী উদ্যানে সমবেত হতে হবে।
- শিক্ষার্থীদের আগমন ও প্রস্থানের ক্ষেত্রে কঠোর সতর্কতা ও নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।
- যোগাযোগের জন্য প্রত্যেক শিক্ষার্থীর পকেটে শিক্ষক/গাইড এর মোবাইল নম্বর রাখতে হবে।
- উক্ত শোভাযাত্রাকে শৈল্পিক, নান্দনিক ও দর্শকগ্রাহী করার জন্য প্রয়োজনীয় সংখ্যক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ভাষণ প্রদানের ছবি সম্বলিত ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড, বাদ্যযন্ত্র, ডিসপ্লেসহ বর্ণাঢ্য আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বর্ণিত নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা মহানগরীতে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/সুপারগণকে শিক্ষার্থীসহ (প্রয়োজনীয় সংখ্যক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ভাষণ প্রদানের ছবি সম্বলিত ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড, বাদ্যযন্ত্র, ডিসপ্লেসহ) “আনন্দ শোভাযাত্রা”-এ অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮


প্রাপকঃ অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা মহানগরীতে অবস্থিত মাদ্রাসা।

নং-বামাশিবো/সংস্থাপন-২২/৭৪৮(৮)

তারিখঃ ২২.১১.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জনাব সৈয়দ আসগর আলী, সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৬. সভাপতি/সদস্যবৃন্দ, পরিচালনা কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ঢাকা মহানগরীতে অবস্থিত মাদ্রাসা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।



মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪